গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১.০ প্রকল্পের নাম : "ওয়েস্টার্ন ব্রিজ ইমপ্রুভমেন্ট প্রজেক্ট"

২.০ বাস্তবায়নকারী সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর।

৩.০ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৪.০ প্রকল্পের অবস্থান :

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| রংপুর, | গাইবান্ধা, রংপুর, নীলফামারী, দিনাজপুর ও পঞ্চগড়। | একাধিক উপজেলা |
| রাজশাহী, | বগুড়া, নওগাঁ, জয়পুরহাট, রাজশাহী, সিরাজগঞ্জ, পাবনা, নাটোর। | ,, |
| খুলনা, | কুষ্টিয়া, ঝিনাইদহ,যশোর, নড়াইল, বাগেরহাট। | ,, |
| বরিশাল, ও | বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর। | ,, |
| ঢাকা। | ফরিদপুর, মাদারীপুর ও নরসিংদী। | ,, |

৫.০ প্রকল্পের অনুমোদিত ব্যয় :

| মূল | ১ম সংশোধিত |
|---|---|
| মোট : ২৯১১৭৫.৩২ লক্ষ টাকা | মোট : ২৯১১৭৫.৩২ লক্ষ টাকা |
| টাকা : ১০০৬৫৫.৮৪ লক্ষ টাকা | টাকা : ১০০৬৫৫.৮৪ লক্ষ টাকা |
| প্র: সা: ১৯০৫১৯.৪৮ লক্ষ টাকা(জাইকা) | প্র: সা: ১৯০৫১৯.৪৮ লক্ষ টাকা(জাইকা) |

৬.০ প্রকল্পের বাস্তবায়নকাল :

| মূল | ১ম সংশোধিত |
|---|---|
| অক্টোবর,২০১৫ থেকে জুন,২০২০ পর্যন্ত | অক্টোবর,২০১৫ থেকে জুন,২০২২ পর্যন্ত |

৭.০ **প্রকল্পের পটভূমিঃ** বাংলাদেশের পশ্চিমাঞ্চলে সওজের বিভিন্ন সড়ক এ মোট ৪৬৭৪ মিটার ৮০টি ব্রিজ ও ২টি কালভার্ট নির্মাণ/পুন:নির্মাণ করার লক্ষ্যে ২৯১১৭৫.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর,২০১৫ থেকে জুন,২০২০ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে ১০/১১/২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ২৯১১৭৫.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর,২০১৫ থেকে জুন, ২০২২ তারিখ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে গত ১১/০৩/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১ম সংশোধন করা হয়।

৮.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ** বাংলাদেশের পশ্চিমাঞ্চলো সওজের বিভিন্ন সড়ক এ মোট ৪৬৭৪ মিটার ৮০টি ব্রিজ ও ২টি কালভার্ট নির্মাণ/পুন:নির্মাণ করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য।

৯.০ **প্রকল্পের মূল প্রধান প্রধান কার্যক্রম:**

- ভূমি অধিগ্রহণ ২৪ হেক্টর;
- এনজিও ও ইএমএ পরামর্শক ৬০০ জনমাস;
- ডিজাইন ও তদারকির পরামর্শক ৪৫৩৮ জনমাস;
- ৮২টি সেতু/কালভার্ট নির্মাণ ৪৬৭৪ মিটার;
- মাটির কাজ ১৫.৬৭ লক্ষ ঘন মিটার;

- ❖ পেভমেন্ট নির্মাণ ৪২ কি: মি:;
- ❖ যানবাহন ক্রয় ২১টি (৭টি জীপ, ৭টি পিকআপ, ৭টি মোটর সাইকেল);

১০.০ **<u>পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ</u>**

১০.১ প্রকল্পের ১০০% এলাকা নিবিড় পরিবীক্ষণের আওতাভূক্ত হিসেবে বিবেচনা করতে হবে;

১০.২ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন ও সংশোধনের অবস্থা, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়নসহ সকল প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.৩ প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা, বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপণ ও পর্যালোচনা;

১০.৪ প্রকল্পের ইন্টারনাল অডিট এবং এক্সটারনাল অডিট সম্পাদন হয়েছে কিনা, হয়ে থাকলে অডিট আপত্তি আছে কিনা, থাকলে কয়টি, বিবরণ কি, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি সংক্রান্ত তথ্য পর্যালোচনা।

১০.৫ প্রকল্পের আর্থিক ও ভৌত বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়ন সময়ের সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে কিনা তা পর্যালোচনা করা।

১০.৬ প্রকল্পের ক্রয় প্রক্রিয়া পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ অনুসারে সম্পাদিত হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পরীক্ষা করা;

১০.৭ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা এবং প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে আউটপুট অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ। এছাড়া প্রকল্প ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলি প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জ্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;

১০.৮ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রাতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয়; ডিপিপি/আরডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

১০.৯ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.১০ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ পদ্ধতি, যানবাহন ক্রয়/ক্রয় পদ্ধতি, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ণ ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.১১ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ ও মতামত প্রদান;

১০.১২ নিরাপদ সড়ক যোগাযোগ নিশ্চিতকরণ, আন্ত:আঞ্চলিক যোগাযোগ বৃদ্ধি, অর্থনৈতিক উন্নয়ন ও আঞ্চলিক বৈষম্য হ্রাসে প্রকল্পটি সহায়ক হবে কি-না এ বিষয়ে মতামত প্রদান। সেতুটির মাধ্যমে নদীর দুই পাড়ের মধ্যে নিরবচ্ছিন্নভাবে যানবাহন চলাচল বৃদ্ধিপূর্বক সড়ক পরিবহন/মহাসড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে প্রকল্পটির ভূমিকা নির্ণয়;

১০.১৩ প্রকল্প সমাপ্তির পর নির্মিত সেতুসহ অন্যান্য অবকাঠামো টেকসইকরণ পরিকল্পনা (Sustainability plan) বিষয়ে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও মতামত প্রদান;

১০.১৪ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.১৫ উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধ সম্মতি ও বিভিন্ন মিশন এবং সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ। এছাড়া সহযোগী কর্তৃক প্রতিটি ক্ষেত্রে কত সময় লেগেছে তা পর্যালোচনা

১০.১৬ প্রকল্পের SWOT বিশ্লেষণ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দুর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দুর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন। প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

১০.১৭ প্রকৌশলগত দিক থেকে মূল সেতুসহ অন্যান্য অবকাঠামোর life time/Design life এর যথাযথ মূল্যায়ন;

১০.১৮ প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের সুনির্দিষ্ট (সময়ভিত্তিক) কর্মপরিকল্পনা ও কর্মপদ্ধতি কারিগরি প্রস্তাবের সাথে সংযোজন করতে হবে;

১০.১৯ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি; (i) প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্য, Focus Group Discussion (FGD) ও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে মতামত গ্রহণের ভিত্তিতে এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের এ সংক্রান্ত পরিপত্রে বর্ণিত প্রতিবেদন প্রণয়নের নমুনা কাঠামো অনুযায়ী প্রতিবেদন প্রণয়ন; (ii) জাতীয় পর্যায়ে একটি কর্মশালা আয়োজন করে নিবিড় পরিবীক্ষণের ফলাফলসমূহ অবহিতকরণ ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে প্রতিবেদন চূড়ান্তকরণ;

১০.২০ পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের (১২০ দিন) মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চূড়ান্ত করবে;

১০.২১ আইএমইডি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্যান্য বিষয়াবলি পরামর্শক প্রতিষ্ঠান প্রতিপালন করবে।

## ১১.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

| ক্র: নং | ফার্ম ও ফার্মের | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১) | ফার্ম | - | • গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; |
| ২) | ক) টিম লিডার | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক; সিভিল ইঞ্জিনিয়ারিং-এ উচ্চতর ডিগ্রি, PPA-2006 ও PPR-2008 এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সেতুসহ সড়ক নির্মাণ কাজে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা ;<br>• টিম লিডার হিসাবে ০৩ (তিন) বছর অথবা ডেপুটি টিম লিডার হিসাবে ০৫ (পাঁচ) বছর অথবা সেতুসহ সড়ক নির্মাণ কাজে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা।<br>• পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ -এর বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে;<br>• কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং;<br>• প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপণায় অভিজ্ঞতা থাকতে হবে; |

| ক্র: নং | ফার্ম ও ফার্মের | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | খ) মিড লেভেল ইঞ্জিঃ | সিভিল ইঞ্জিনিয়ারিং- এ ন্যূনতম স্নাতক ডিগ্রি। | • সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;<br>• সেতুসহ সড়ক নির্মাণ কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;<br>• কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রকল্পের বাস্তবায়ন /পরিবীক্ষণ/ মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপণায় বিশেষ দক্ষতা।<br>• পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ -এর বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে; |
| | গ) সেতু ও সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ | ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি | • সেতুসহ সড়ক নির্মাণ কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ;<br>• সেতুসহ সড়ক নির্মাণ নিরাপত্তা কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;<br>• কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রকল্পের বাস্তবায়ন /পরিবীক্ষণ/ মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপণায় বিশেষ দক্ষতা। |
| | ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | অর্থনীতি/সমাজবিজ্ঞান/ পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | • আর্থ-সামাজিক গবেষণা ও নিবিড় পরিবীক্ষণ/প্রভাব মূল্যায়নের কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>• মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনায় Statistical Software Package পরিচালনায় দক্ষতা; |
| | ঙ) পরিসংখ্যান বিদ | পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | • প্রশ্নমালা প্রণয়ন, ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ, রিপোট প্রণয়ন কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;<br>• মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনায় Statistical Software Package পরিচালনায় দক্ষতা; |

## ১২.০ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

| ক্রমিক | প্রতিবেদনের নাম | দাখিলের সময় | সংখ্যা |
|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়) | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | ২৪ (টেকনিক্যাল ১২ + স্টিয়ারিং ১২) কপি |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন (বাংলায়) | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে | ২৪ (টেকনিক্যাল ১২ + স্টিয়ারিং ১২) কপি |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন (বাংলায়) | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে | ১২ কপি (টেকনিক্যাল কমিটির সভা) |
| ৪. | জাতীয় ওয়ার্কশপের জন্য প্রতিবেদন (বাংলায়) | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে | ৮০ কপি (জাতীয় ওয়ার্কশপের জন্য) |
| ৫. | চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজী) | চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে | ৬০ (বাংলা ৪০+ইংরেজী ২০) কপি |

* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font হতে হবে।

১৩.০ **<u>ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:</u>**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

মোছাঃ নাদিরা আখতার
উপ-পরিচালক
ফোনঃ ৯১১৬৪৭১